**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 31-12-2025** **Time: 1.30 P.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত এই বছর সংস্কারের ট্রেনে সওয়ার হয়েছে এবং বিশ্ববাসীর আকর্ষণের কেন্দ্রে পরিণত হয়েছে।

#প্রধানমন্ত্রী আগামী শনিবার নতুন দিল্লির রাই পিথোরা সাংস্কৃতিক কমপ্লেক্সে পবিত্র পিপ্রাহওয়া ধ্বংসাবশেষের প্রদর্শনীর উদ্বোধন করবেন।

২) তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ডঃ এল মুরুগান বলেছেন, চলতি বছর সরকার একাধিক যুগান্তকারী সংস্কার সাধন করেছে। তিনি আজ সরকারের আসন্ন ২০২৬ বর্ষের নতুন ক্যালেন্ডার প্রকাশ করেছেন।

৩) দেশীয় প্রযুক্তিতে নির্মিত নতুন বন্দে ভারতের স্লিপার ট্রেনের উচ্চ-গতির ট্রায়াল রান সম্পন্ন করেছে ভারতীয় রেল।

৪) সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন CBSE, দশম এবং দ্বাদশ শ্রেণীর বোর্ড পরীক্ষার পরিবর্তিত তারিখ ঘোষণা করেছে।

৫) চলতি বছর, দক্ষিণ আফ্রিকায় যত গাড়ি বিক্রি হয়েছে, তার অধিকাংশই ভারতে নির্মিত বলে একটি প্রতিবেদনে উঠে এসেছে।

৬) দাবায়, ভারতের গ্র্যান্ডমাস্টার অর্জুন এরিগাইসি ওয়ার্ল্ড ব্লিৎজ চ্যাম্পিয়নশিপে ব্রোঞ্জ পদক জয় করেছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অভিনন্দন।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, ভারত এই বছর সংস্কারের ট্রেনে চড়েছে এবং বিশ্ববাসীর মনোযোগের কেন্দ্রে পরিণত হয়েছে। শ্রী মোদি বলেন, ২০২৫ সাল দেশের জন্য সংস্কারের বছর হিসেবে স্মরণীয় হয়ে থাকবে, কারণ এই বছর বিভিন্ন ক্ষেত্রে যুগান্তকারী পরিবর্তন এসেছে এবং এরফলে ভারতের অগ্রযাত্রাকে গতি দিয়েছে।

প্রধানমন্ত্রী সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রকাশিত একটি প্রবন্ধে তাঁর এই ভাবনাগুলো তুলে ধরেন। তিনি বলেন, বিশ্ব ভারতকে আশা ও আত্মবিশ্বাসের চোখে দেখছে এবং দেশের পরবর্তী প্রজন্মের সংস্কারের মাধ্যমে ত্বরান্বিত হওয়া অগ্রগতির গতিকে প্রশংসা করছে। প্রধানমন্ত্রী আরও বলেন, এই সংস্কারট্রেনের প্রধান চালিকাশক্তি হলো ভারতের জনসংখ্যা, তরুণ প্রজন্ম এবং দেশবাসীর অদম্য স্পৃহা। শ্রী মোদি উল্লেখ করেন যে, শ্রম আইন ও বাণিজ্য চুক্তি থেকে শুরু করে লজিস্টিকস, শক্তি এবং বাজার সংস্কার পর্যন্ত, দেশের উন্নয়নের গল্পটি বিশ্বাসযোগ্যতা, স্থিতিশীলতা এবং দীর্ঘমেয়াদী আত্মবিশ্বাসের ওপর ভিত্তি করে নির্মিত হচ্ছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী শনিবার নতুন দিল্লির রাই পিথোরা সাংস্কৃতিক কমপ্লেক্সে পবিত্র পিপ্রাহওয়া ধ্বংসাবশেষের প্রদর্শনীর উদ্বোধন করবেন। উনিশ শতকের শেষের দিকে আবিষ্কৃত পিপ্রাহওয়া ধ্বংসাবশেষগুলি শাক্য বংশের সংরক্ষিত গৌতম বুদ্ধের নশ্বর দেহাবশেষের সঙ্গে সম্পর্কিত বলে মনে করা হয়। এই প্রদর্শনী দেশের সাংস্কৃতিক ঐতিহ্য রক্ষার এবং বুদ্ধের শিক্ষায় প্রতিভাত শান্তি, করুণা এবং জ্ঞানার্জনের সার্বজনীন মূল্যবোধ প্রচারের জন্য দেশের অব্যাহত প্রচেষ্টাকে প্রতিফলিত করে।

সংস্কৃতি মন্ত্রক জানিয়েছে, এই প্রদর্শনী, দেশের সাংস্কৃতিক ও কূটনৈতিক ইতিহাস রক্ষায় একটি গুরুত্বপূর্ণ মুহূর্ত। মন্ত্রক, "লোটাস লাইট: রেলিক্স অফ দ্য অ্যাওয়েকেন্ড ওয়ান" শীর্ষক একটি যুগান্তকারী সাংস্কৃতিক প্রদর্শনীর আয়োজন করছে, যেখানে শ্রদ্ধেয় পবিত্র পিপ্রাহওয়া ধ্বংসাবশেষ এবং উল্লেখযোগ্য প্রাচীন নিদর্শনগুলি জনসাধারণের দেখার উদ্দেশে রাখা থাকবে।

-------------------------

পশ্চিমবঙ্গ সফররত প্রবীণ বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ কলকাতায় দলীয় সাংসদ ঐ বিধায়কদের সঙ্গে বৈঠক করেছেন। ভোটমুখী পশ্চিমবঙ্গে দলীয় রণকৌশল নিয়ে সেখানে আলোচনা হয়েছে বলে মনে করা হচ্ছে।

দুপুরে কলকাতার একটি বেসরকারি হোটেলে দলীয় নেতৃবৃন্দের সঙ্গে সাংগঠনিক বৈঠকের পর সায়েন্স সিটি অডিটোরিয়ামে বুথ স্তরের কর্মীদের সঙ্গে কথা বলেবেন তিনি। RSS-এর পদাধিকারিকদের সঙ্গেও তার সাক্ষাতের কথা রয়েছে।

বিকেলে তিনি যাবেন উত্তর কলকাতার ঠনঠনিয়া কালীবাড়ি মন্দিরে।

এদিকে, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন-SIR প্রক্রিয়ায় মতুয়াদের চিন্তার কোনো কারণ নেই বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী আশ্বাস দিয়েছেন। গতকাল এক সাংবাদিক সম্মেদনে তিনি জানান, শরণার্থী হিসেবে যারা ভারতে এসেছেন, তাঁদের নাগরিকত্ব নিয়ে আশঙ্কার কোনও কারণ নেই।

--------------------

তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ডঃ এল মুরুগান আজ বলেছেন, চলতি বছর সরকার একাধিক যুগান্তকারী সংস্কার সাধন করেছে, যা দেশের সার্বিক অগ্রগতিতে গুরুত্বপূর্ণ

অধ্যায়গুলিকে চিহ্নিত করেছে। নতুনদিল্লিতে ভারত সরকারের আসন্ন ২০২৬ বর্ষের নতুন ক্যালেন্ডার প্রকাশ করে তিনি উল্লেখ করেন, এই সংস্কারগুলির লক্ষ্য দেশের অন্তর্ভুক্তিমূলক সমৃদ্ধি নিশ্চিত করা, অর্থনৈতিক স্থিতিশীলতা জোরদার করা এবং দেশের দীর্ঘমেয়াদী উন্নয়নের জন্য একটি সুস্থায়ী ভিত্তি স্থাপন।

বাইট - ডঃ এল মুরুগান

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তথ্য ও সম্প্রচার সচিব সঞ্জয় জাজু বলেন, ক্যালেন্ডারের নকশাটি অত্যন্ত সতর্কতার সঙ্গে তৈরি করা হয়েছে। এই ক্যালেন্ডার প্রকৃতার্থেই সরকারের অগ্রাধিকারগুলিকে প্রতিফলিত করে।

--------------------

দেশের উন্নত এবং স্বনির্ভর রেল প্রযুক্তির অগ্রগতির যাত্রায় একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে ভারতীয় রেল, দেশীয় প্রযুক্তিতে নির্মিত নতুন বন্দে ভারতের স্লিপার ট্রেনের উচ্চ-গতির অন্তিম পর্বের ট্রায়াল রান সম্পন্ন করেছে। রেলের কোটা-নাগড়া সেকশনে এই পরীক্ষা চালানো হয়। ট্রায়াল রানের সময় ট্রেনের সর্বোচ্চ গতিবেগ ছিল ১৮০ কিলোমিটার প্রতি ঘন্টা।

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো, সোশ্যাল মিডিয়ায় ট্রায়াল রানের একটি ভিডিও শেয়ার করেছেন; যেখানে দেখা যাচ্ছে, নতুন প্রযুক্তির এই ট্রেনটিতে ওয়াটার টেস্ট করা হয়েছে। এক গ্লাস জল রাখা হয়েছিল ট্রেনটির একটি কামরায়। ট্রেন চলাকালীন ১৮০ কিলোমিটার গতিতেও গ্লাসটি স্থির ছিল।

আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন, এই পদক্ষেপ আত্মনির্ভর ভারতের ভাবনায় উদ্ভাবন, সুরক্ষা এবং দেশীয় পদ্ধতিতে পরিকাঠামো সরঞ্জাম উৎপাদনের প্রতি ভারতীয় রেলের প্রতিশ্রুতিকে তুলে ধরে।

--------------------

দশম ও দ্বাদশ শ্রেণীর আগামী বছরের তেসরা মার্চের নির্ধারিত পরীক্ষার দিন পরিবর্তন করেছে সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন – CBSE। এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, দশম শ্রেণীর যে যে বিষয়ের পরীক্ষা তিন তারিখ নির্ধারিত ছিল তা পরিবর্তিত হয়ে ১১ ই মার্চ করা হয়েছে। অন্যদিকে, দ্বাদশ শ্রেণীর ঐ দিনের পরীক্ষা হবে ১০ ই এপ্রিল। প্রশাসনিক কারণে এই পরিবর্তন বলে বোর্ডের তরফে জানানো হয়েছে।

--------------------

ভারতীয় আবহাওয়া দপ্তর বিহারে তীব্র শৈত্যপ্রবাহের পূর্বাভাস দিয়েছে। পূর্ব উত্তর প্রদেশ ও হিমাচল প্রদেশেও শীতের প্রভাব বজায় থাকবে। পশ্চিমবঙ্গ, উত্তরাখণ্ড ও উত্তর পূর্বের রাজ্যগুলোতে ভারী কুয়াশার পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। জম্মু কাশ্মীর, লাদাখ ও মুজাফফরাবাদে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। উত্তর কাশ্মীরের উঁচু অংশে পশ্চিমি ঝঞ্ঝার কারণে তুষারপাত হয়েছে বলে খবর। গুলমার্গ, তুলাইল উপত্যকায় হালকা থেকে ভারী তুষার বৃষ্টি হয়েছে। জানুয়ারির ১০ তারিখ পর্যন্ত এই সমস্ত অঞ্চল মেঘাচ্ছন্ন থাকবে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

--------------------

ঘন কুয়াশায় দৃশ্যমানতা কম থাকায় দেশের উত্তরের রাজ্যগুলিতে আজও ট্রেন ও বিমান চলাচল ব্যাহত হয়েছে। রেলওয়ের দিল্লি ডিভিশন জানিয়েছে, দিল্লিগামী ৫০টিরও বেশি ট্রেন দেরিতে চলছে।

খারাপ আবহাওয়ার কারণে বিমান চলাচলও বিঘ্নিত হয়েছে। দিল্লি বিমানবন্দর জানিয়েছে, আজ ১৪৮টি উড়ান বাতিল করা হয়েছে।

অসামরিক বিমান পরিবহন মন্ত্রক, বিমান সংস্থাগুলিকে যাত্রী পরিষেবার নিয়মাবলী কঠোরভাবে মেনে চলার নির্দেশ দিয়েছে। বিমানের পরিবর্তিত সময়সূচী যাত্রীদের নিয়মিতভাবে জানানো এবং বিমান বাতিল হলে বুকিং-এর অর্থ ফেরত দিতেও বলা হয়েছে। মন্ত্রক, যাত্রীদেরও সংশ্লিষ্ট বিমান সংস্থার ওয়েবসাইটে সর্বশেষ আপডেট দেখে নিয়ে, হাতে অতিরিক্ত সময় রেখে, বিমানবন্দরে পৌঁছতে পরামর্শ দিয়েছে।

-------------------

আজকের প্রসঙ্গে আজ শুনবেন নতুন ভারত তৈরিতে দেশের যোগাযোগ ব্যবস্থা নিয়ে কেন্দ্রীয় সরকারের বিশেষ উদ্যোগ সংক্রান্ত আলোচনা। আলোচনায় অংশ নিয়েছেন পূর্ব রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক দীপ্তিময় দত্ত , মেট্রো রেলের প্রিন্সিপাল চিফ ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার অসীম কুমার মজুমদার এবং প্রযুক্তিবিদ তথা আর্থিক বিশ্লেষক সুদীপ্ত গুহ। তাদের সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার। আজ রাত সাড়ে নটায় অনুষ্ঠানটি শোনা যাবে গীতাঞ্জলি প্রচার তরঙ্গে। শোনা যাবে আমাদের সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও।

-------------------

বিদেশমন্ত্রী ডঃ এস. জয়শঙ্কর, বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী এবং বাংলাদেশ ন্যাশনালিস্ট পার্টি – বি এন পি'র চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার শেষকৃত্যে যোগ দিতে আজ সকালে ঢাকায়

পৌঁছেছেন। বিদেশমন্ত্রীকে নিয়ে একটি বিশেষ বিমান আজ ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মা এবং ভারতীয় হাইকমিশনের অন্যান্য বরিষ্ঠ আধিকারিকরা তাঁকে স্বাগত জানান।

আগেই জানানো হয়েছে যে বাংলাদেশের প্রথম মহিলা প্রধানমন্ত্রী খালেদা জিয়া গতকাল ঢাকায় মারা যান। তার বয়স হয়েছিল ৮০ বছর।

দুপুর ২টোয় ঢাকার জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজা ও মানিক মিয়া অ্যাভিনিউতে জানাজার নমাজ অনুষ্ঠিত হবে। খালেদা জিয়াকে তার স্বামী, সে দেশের প্রাক্তন রাষ্ট্রপতি জিয়াউর রহমানের পাশে সমাহিত করা হবে। দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার বেশ কয়েকটি দেশের প্রতিনিধিরা অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বলে আশা করা হচ্ছে।

উল্লেখ্য, খালেদা জিয়ার মৃত্যুতে সে দেশে তিন দিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা হয়েছে। আজ তাঁর শেষ কৃত্যানুষ্ঠানের জন্য একদিনের ছুটি দেওয়া হয়েছে।

অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস, খালেদা জিয়ার অন্তিম ক্রিয়ানুষ্ঠান ও শোক পালনের কর্মসূচি পালনের সময় জনগণকে শৃঙ্খলা ও ধৈর্য বজায় রাখার আবেদন জানিয়েছেন।

--------------------

চলতি বছর, দক্ষিণ আফ্রিকায় যত গাড়ি বিক্রি হয়েছে, তার অধিকাংশই ভারতে নির্মিত বলে একটি প্রতিবেদনে উঠে এসেছে। অধিকাংশ গাড়িই মাহিন্দ্রা এবং টাটার তৈরি। কিছু গাড়ির যন্ত্রাংশ ভারতেই তৈরি হয়েছে।

এছাড়াও, ২০২৪ সালে দক্ষিণ আফ্রিকায় বিক্রি হওয়া জাপানি ব্র্যান্ডের হালকা যানবাহনগুলোর ৮৪ শতাংশই ভারত থেকে রফতানি করা হয়েছিল। বিক্রি হওয়া যানবাহনের ৩৬ শতাংশ প্রতিষ্ঠিত জাপানি এবং কোরিয়ান ব্র্যান্ডের মাধ্যমে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ভারত থেকে রফতানি করা হয়েছিল।

২০২৫ সালের প্রথম পাঁচ মাসে দেখা গেছে, সব যাত্রীবাহী গাড়ি বিক্রির ৪৯ শতাংশ ভারত থেকে রফতানি করা হয়েছিল। এই গাড়িগুলোর বেশিরভাগই ভারতের মারুতি সুজুকি তৈরি করেছে।

--------------------

দক্ষিণ কোরিয়া ভারত, চীন, ভিয়েতনাম, ফিলিপাইন, ইন্দোনেশিয়া এবং কম্বোডিয়ার পর্যটকদের জন্য ভিসার ফি মকুব করার সময়সীমা আরও ছয় মাসের জন্য বাড়িয়ে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে। দক্ষিণ কোরিয়ার অর্থমন্ত্রী কু ইউন-চোল বলেছেন, সি-৩-২ ভিসার জন্য ফি মকুবের এই সুবিধা আগামী বছরের জুন মাস পর্যন্ত অব্যাহত থাকবে।

তিনি বলেন, অভ্যন্তরীণ পর্যটনে গতি বজায় রাখাই এই পরিকল্পনার উদ্দেশ্য।

--------------------

পশ্চিম জার্মানির গেলসেনকিরচেনে স্পার্কাসে ব্যাঙ্কের একটি শাখায় চোরেরা ৩০ কোটি ইউরো,সোনা ও অলঙ্কার লুঠ করে পালিয়েছে। ওই ব্যাংকের নিকটবর্তী একটি পার্কিং গারাজ থেকে বড় গ্রিল মেশিন দিয়ে গর্ত করে আন্ডারগ্রাউন্ডের শেষে ৩ হাজারেরও বেশি সেফ ডিপোজিট বক্স ভেঙে তারা এই লুটপাট চালায়। একটি ফায়ার এলার্ম বেজে ওঠায় এই ঘটনার কথা জানা যায়। সিসিটিভিতে ঘটনাস্থল থেকে একটি

কালো রংয়ের অডি গাড়ি পালানোর দৃশ্য ধরা পড়েছে। এ পর্যন্ত কোন গ্রেফতারের খবর নেই। ঘটনার পর থেকে ব্যাংক বন্ধ থাকায় গ্রাহকদের তাদের ক্ষতির বিষয়ে ব্যাংক কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করতে বলা হয়েছে।

--------------------

দক্ষিণ পেরুর মাচুপিচুতে দুটি পর্যটক ট্রেনের মুখোমুখি সংঘর্ষে রেলপথে কর্মরত ১ শ্রমিকের মৃত্যু হয়েছে, আহত হয়েছেন ৩০ জন যাত্রী। এই দুর্ঘটনার ফলে মাচু পিচু এবং কাজকোর মধ্যে রেল পরিষেবা বন্ধ হয়ে গেছে। দুর্ঘটনার কারণ এখনো জানা যায়নি। বিখ্যাত পর্যটনস্থল মাচুপিচুতে বার্ষিক ১৫ লক্ষের মতো দর্শনার্থী আসেন। রাজনৈতিক দলের বিক্ষোভ এবং রেল অবরোধের জেরে প্রায়ই এই পথে ট্রেন পরিষেবা ব্যাহত হয়।

--------------------

দাবায় ওয়ার্ল্ড ব্লিটজ চ্যাম্পিয়নশিপে ব্রোঞ্জ পদক জিতেছেন গ্র্যান্ডমাস্টার অর্জুন এরিগাইসি। দোহায় গতকাল সেমিফাইনালে উজবেকিস্তানের দাবাড়ু নদিরবেক আব্দুসাত্তোরভের Nodirbek Abdusattorov কাছে পরাজিত হয়েছেন এরিগাইসি। প্রতিযোগিতায় শুরু থেকে দুর্দান্ত ফর্মে ছিলেন ভারতীয় দাবাড়ু। প্রথম দিনে কঠিন প্রতি পক্ষ আব্দুসাত্তোরভকে হারিয়েছিলেন তিনি। কিন্তু সেমিফাইনালে পরাস্ত হন এরিগাইসি। অন্যদিকে তারকা দাবাড়ু ম্যাগনাস কার্লসেন প্রতিযোগিতার ফাইনালে উঠেছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ফিডে বিশ্ব ব্লিটজ দাবা চ্যাম্পিয়নশিপে ব্রোঞ্জ পদক জেতার জন্য অর্জুন এরিগাইসিকে অভিনন্দন জানিয়েছেন। এর আগে তিনি ফিড়ে র‍্যাপিড দাবা চ্যাম্পিয়নশিপেও ব্রোজ পদক জিতেছিলেন। সামাজিক মাধ্যমের এক পোস্টে শ্রী মোদি

বলেছেন যে, তার দক্ষতা, ধৈর্য এবং অধ্যবসায় অনুকরণীয়। প্রধানমন্ত্রী আরও বলেন যে, তার এই সাফল্য তরুণদের অনুপ্রাণিত করবে।

-------------------- --------------------